

Telephone Conversation between PM and Prime Minister of Nepal

April 10, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং নেপালের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 10, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নেপালের মাননীয় প্রধানমন্ত্রী হিজ এক্সিলেন্সি আরটি শ্রী কে পি শর্মা ওলির সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

চলতে থাকা কোভিড-19 সংকট এবং তার ফলে উভয় দেশের নাগরিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা এবং এই অঞ্চলে যে হতবুদ্ধিকর পরিস্থিতি তৈরি হয়েছে তার চ্যালেঞ্জ নেওয়ার বিষয়ে নিজেদের দৃষ্টিভঙ্গি দুই নেতা একে অপরকে জানিয়েছেন। এই অতিমারির মোকাবিলা করার জন্য তাদের দেশ দুটি কি কি পদক্ষেপ নিয়েছে তা নিয়ে তারা আলোচনা করেছেন।

প্রধানমন্ত্রী ওলির নেতৃত্বাধীন নেপাল সরকার যে প্রতিক্রিয়া দেখিয়েছে এবং সঙ্কটকালীন যে বন্দোবস্ত করেছে তাকে এবং এই চ্যালেঞ্জের বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে নেপালের জনগণের দৃঢ়সঙ্কল্পকে মাননীয় প্রধানমন্ত্রী মোদী প্রশংসা করেছেন।

অতিমারির ক্ষেত্রে সার্বভূক্ত দেশগুলির প্রতিক্রিয়া সমন্বয়ের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী যে উদ্যোগ নিয়েছেন প্রধানমন্ত্রী ওলি পুনরায় তার প্রশংসা করেছেন। ভারত নেপালকে যে দ্বিপাক্ষিক সমর্থন দিয়েছে সেই বিষয়েও তিনি ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

এই বিশ্বব্যাপী অতিমারির বিরুদ্ধে লড়াইয়ে নেপালের যে প্রচেষ্টা তার জন্য ভারতের সার্বিক সমর্থন এবং সব রকম সাহায্য নিশ্চিত করার প্রতি ভারতের যে অঙ্গীকার তা মাননীয় প্রধানমন্ত্রী মোদী পুনরায় ব্যক্ত করেছেন।

দুই নেতা এই ব্যাপারে সহমত হয়েছেন যে সমস্ত বিষয় যা কোভিড-19 পরিস্থিতির ফলে উদ্ভূত তা নিয়ে এবং সীমান্ত পেরিয়ে অত্যাবশ্যক পণ্যের যোগান নমনীয় করার বিষয়ে দুই দেশের বিশেষজ্ঞ এবং আধিকারিকরা একে অন্যের সাথে পরামর্শ করবেন এবং সমন্বয় রেখে চলবেন। প্রধানমন্ত্রী ওলি এবং নেপালের জনগণের সুস্বাস্থ্য এবং ভাল থাকার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শ্রী শ্রী কামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 10, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.